



ইসলামিক ফাউন্ডেশন

[প্রতিষ্ঠাতা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান]

আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা ১২০৭

॥প্রেস বিজ্ঞপ্তি॥

জাতীয় চাঁদ দেখা কমিটির সভায় সিদ্ধান্ত-

বাংলাদেশের আকাশে কোথাও জমাদিউল আউয়াল মাসের চাঁদ দেখা যায়নি

আগামী ২৯ ডিসেম্বর রবিবার থেকে জমাদিউল আউয়াল মাস শুরু

ঢাকা, শুক্রবার, ২৭ ডিসেম্বর ২০১৯॥

বাংলাদেশের আকাশে আজ কোথাও ১৪৪১ হিজরি সনের জমাদিউল আউয়াল মাসের চাঁদ দেখা যায়নি। ফলে আগামীকাল ২৮ ডিসেম্বর শনিবার রবিউস সানি মাস ৩০ দিন পূর্ণ হবে এবং আগামী ২৯ ডিসেম্বর রবিবার থেকে জমাদিউল আউয়াল মাস গণনা করা হবে।

আজ সন্ধ্যায় ইসলামিক ফাউন্ডেশন বায়তুল মুকাররমস্থ সভাকক্ষে জাতীয় চাঁদ দেখা কমিটির সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়। এতে সভাপতিত্ব করেন ধর্মসচিব ও জাতীয় চাঁদ দেখা কমিটির সহ-সভাপতি জনাব মোঃ আনিছুর রহমান।

সভায় ইসলামিক ফাউন্ডেশনের ভারপ্রাপ্ত মহাপরিচালক কাজী নূরুল ইসলাম, তথ্য মন্ত্রণালয়ের যুগ্মসচিব মোঃ নজরুল ইসলাম, বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠানের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা শাহ মোঃ মিজানুর রহমান, ঢাকার সরকারী মাদ্রাসা-ই-আলীয়ার হেড মাওলানা প্রফেসর এ. কে. এম. আবদুল মান্নান, ঢাকা জেলার এডিসি (জেনারেল) মোঃ শাহিদুজ্জামান, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের উপ-পরিচালক মোঃ আবদুর রহমান, বায়তুল মুকাররম জাতীয় মসজিদের সিনিয়র পেশ ইমাম হাফেজ মাওলানা মুহাম্মদ মিজানুর রহমান ও চকবাজার শাহী জামে মসজিদের খতীব মাওলানা শেখ নাঈম রেজওয়ান প্রমুখ উপস্থিত ছিলেন।

সভায় ১৪৪১ হিজরি সালের জমাদিউল আউয়াল মাসের চাঁদ দেখা সম্পর্কে সকল জেলা প্রশাসন, ইসলামিক ফাউন্ডেশন-এর প্রধান কার্যালয়, বিভাগীয় ও জেলা কার্যালয়সমূহ, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর এবং মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান হতে প্রাপ্ত তথ্য নিয়ে পর্যালোচনা করে দেখা যায় যে, আজ ২৯ রবিউস সানি ১৪৪১ হিজরি, ১২ পৌষ ১৪২৬ বঙ্গাব্দ, ২৭ ডিসেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ শুক্রবার সন্ধ্যায় বাংলাদেশের আকাশে কোথাও জমাদিউল আউয়াল মাসের চাঁদ দেখা যাওয়ার সংবাদ পাওয়া যায়নি।

এমতাবস্থায়, আগামীকাল ১৩ পৌষ ১৪২৬ বঙ্গাব্দ, ২৮ ডিসেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ শনিবার রবিউস সানি মাস ৩০ দিন পূর্ণ হবে এবং আগামী ১৪ পৌষ ১৪২৬ বঙ্গাব্দ, ২৯ ডিসেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ রবিবার থেকে ১৪৪১ হিজরি সনের জমাদিউল আউয়াল মাস গণনা শুরু হবে।

(মুহাম্মদ নিজাম উদ্দিন)

সহকারী পরিচালক, জনসংযোগ

ইসলামিক ফাউন্ডেশন

মোবাইল ০১৭২০০৪০৪৩২